শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

সুদর্শন বোকা রাজা

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest; Alastair Paterson
অভিযোজন: Lyn Doerksen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

ইস্রায়েলের বিচারক এবং নেতা শমূয়েল এখন বয়স্ক ব্যক্তি। ঈশ্বরের কাজ করার জন্য, তিনি তার পুত্রদের ইস্রায়েলের বিচারকরূপে নিযুক্ত করলেন। কিন্তু শমূয়েলের পুত্ররা দুষ্ট ছিল। তারা টাকা-পয়সা ভালোবাসত এবং অসৎভাবে টাকা-পয়সা আয় করার জন্য তাদের ক্ষমতাকে ব্যবহার করত।



তার দুই দুষ্ট পুত্রের জন্য ইস্রায়েলীয়রা ক্ষতিগ্রস্ত হয়েছিল। আদালত অব্যবস্থার মধ্যে রয়েছিল। লোকেরা সাহায্যের জন্য যতবার শমূয়েলের পুত্রদের কাছে আসত, ততবার তাদের টাকা দিতে হত। একদিন তাদের কিছু করতে হবে। ইস্রায়েলের নেতৃবর্গ একত্র হল এবং শমূয়েলকে সাহায্যের জন্য জিজ্ঞাসা করল।



3

নেতারা দাবি করল, “আমাদের উপর বিচার করার জন্য একজন রাজা দিন।” তারা চাইছিল না শমূয়েলের পুত্ররা তাদের উপর বিচার করুক। পার্শ্ববর্তী অন্যান্য দেশে যেমন রাজা ছিল, তারা তেমন চাইছিল।



4

শমূয়েল ক্রুদ্ধ হল।ইস্রায়েলে আগেই একটা রাজা ছিল! ঈশ্বর সর্বশক্তিমান, অনন্তকালীন তিনি ইস্রায়েলের উপর রাজত্ব করছেন। অনেক বছর আগে তিনি তাদের মিশরের দাসত্ব থেকে মুক্ত করেছিলেন। তাদের রক্ষা করার জন্য তিনি লোহিত সাগর খুলে দিয়েছিলেন।

5



তারপর তিনি ইস্রায়েলীয়দের এক সুন্দর দেশ দিয়েছিলেন।

6

শমূয়েল যখন প্রার্থনা করছিল, ঈশ্বর বললেন “তারা তোমায় প্রত্যাখ্যান করেনি, কিন্তু তারা আমায় প্রত্যাখ্যান করেছে যে, আমি তাদের উপর রাজত্ব করব না। তারা অন্য দেবতার উপাসনা করেছে। তারা তাদের কথায় মনোযোগ দিয়েছে ও তাদের রাজা বানিয়েছে|”

7



ঈশ্বর শমূয়েলকে লোকদের সাবধান করতে বললেন যে, তাদের পার্থিব রাজা করের মাধ্যমে তাদের টাকা-পয়সা নেবে। তাদের সুন্দর জমি ও দ্রাক্ষাক্ষেত্র নিয়ে নিজের সাহায্য করবে ও তাদের পুত্রদের সৈন্যতে নিযুক্ত করবে। এবং তাদের কন্যাদের তার জন্য কাজ করতে আদেশ করবে।

8


কিন্তু যাই হোক না কেন, লোকেরা রাজা চাইছিল।
9

ঈশ্বর শমূয়েলকে একটি ভদ্র, সুন্দর যুবকের দিকে চালিত করলেন। সে ছিল লাজুক ও লম্বা। যে কোনও লোকের চেয়ে লম্বা। তার নাম ছিল শৌল। শমূয়েল যখন শৌলকে দেখল, ঈশ্বর বললেন, “এই আমার লোকদের উপর শাসন করুক।”
10


বাধ্যতা সহকারে শমূয়েল শৌলকে ইস্রায়েলের রাজাস্বরূপ পবিত্র করলেন। যখন তিনি শৌলকে তাদের রাজা হিসাবে স্থাপন করলেন, তারা চিৎকার করে উঠল, “রাজা দীর্ঘজীবি হোক।”
11


শীঘ্র রাজা শৌল পরীক্ষার মধ্যে পড়ল। অম্মোনীয় রাজা, যে ইস্রায়েলরদেরকে ঘৃণা করত, সে ইস্রায়েলদের শহর ঘিরে ভয় দেখাল যে, প্রত্যেকটি মানুষের ডান চোখ তুলে নেবে। এটা একটা নিষ্ঠুর পরিকল্পনা ছিল! এই ভয়ের খবর রাজা শৌলের কাছে পৌঁছাল। সে তার সৈন্য প্রস্তুত করল।
12


দুই সৈন্যদল যখন একসাথে সাক্ষাৎ করল, শৌল অম্মোনীয়দের ধ্বংস করে শহরটি উদ্ধার করল। শৌল ঈশ্বরের ধন্যবাদ করে বলল, “ঈশ্বর আজকে ইস্রায়েলের উপর পরিত্রাণ এনেছেন।”
13


ঐদিন ঈশ্বর শৌলকে এক বিরাট জয় প্রদান করেছিলেন, কিন্তু শৌল সর্বসময়ে ঈশ্বরকে মান্য করল না। একদিন পলেস্টীয়দের সাথে যুদ্ধের আগে শৌল ঈশ্বরকে এক বলিদান চড়াল। সে জানত যে, ঐটা শমূয়েলের কাজ। সে জানত যে, যতক্ষণ না শমূয়েল এটা করতে আসেন, ঈশ্বর তাকে অপেক্ষা করতে বলেছেন। কিন্তু শৌল ঈশ্বরকে অমান্য করল।
14

শমূয়েল পৌঁছে শৌলকে বললেন, “তুমি বোকার মতো কাজ করেছ৷ তুমি তোমার প্রভু ঈশ্বরের আজ্ঞা মান্য করনি৷ এখন তোমার রাজ্য ক্রমাগত চলতে নাও পারে৷” শৌল হয়তো মনে করতে পারে যে, এটি একটা ছোট্ট পাপ৷ কিন্তু ঈশ্বরের অবাধ্য হওয়া হল একটা গুরুত্বপূর্ণ পাপ৷

15

অন্য এক সময়, দুষ্ট অমালেকীয় লোকদের ধ্বংস করার জন্য ঈশ্বর শৌলকে আদেশ দিলেন৷ কিন্তু শৌল ও লোকেরা অমালেকের রাজা অগাগকে ধ্বংস করতে চাইল না৷এছাড়া তারা



তাদের কাছে ষাঁড়, ভেড়া রেখে দিয়েছিল৷ শৌল বলেছিল যে, তারা এইসব জিনিসগুলো ঈশ্বরের উদ্দেশ্যে বলি দেওয়ার জন্য রেখেছে৷

16



শমূয়েল শৌলকে বললেন, “বলিদান অপেক্ষা আজ্ঞা পালন উত্তম৷ তুমি ঈশ্বরের বাক্যকে প্রত্যাখ্যান করেছ, এবং ঈশ্বর তোমাকে ইস্রায়েলের রাজা হওয়া থেকে বঞ্চিত করেছেন৷” দেরি হয়ে গিয়েছিল৷ ঈশ্বরের বাধ্য না হওয়াতে শৌলের পরবর্তী জীবন সুখকর ছিল না৷

17

সুদর্শন বোকা রাজা

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

১শমূয়েল ৮-১৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

18

18 60

19

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬

20